

শ্রীরামকৃষ্ণ আশ্রম ইন্সটিটিউট (হাই স্কুল) সহ শিক্ষা বাংলা মাধ্যম

শ্রেণি - দশম

বিষয় - জীবন বিজ্ঞান

Assessment - 1

Answersheet

বিভাগ - ক

১। প্রতিটি প্রশ্ন র সঠিক উত্তরটি নির্বাচন করে তার ক্রমিক সংখ্যা সহবাক্য টি সম্পূর্ণ করে লেখো:

- ১.১ যে চলনে উদ্ভিদের স্থান পরিবর্তন হয়, সেটি হল - খ) ট্যাকটিক চলন
- ১.২ ক) হরমোন - উদ্ভিদের সাড়া প্রদানে বাহ্যিক উদ্দীপক হিসাবে কাজ করেন।
- ১.৩ সূর্য শিশির নামক পতঙ্গভুক উদ্ভিদের পাতার কর্ণিকা গুলি পতঙ্গ দেহের সংস্পর্শে আসামাত্র বেঁকে গিয়ে পতঙ্গ কে চেপে ধরে। এটি হোল - ঘ) কেমোন্যাস্টি চলন
- ১.৪ ইস্ট্রোজেন হরমোনের ক্ষরণ খ) FSH এই ট্রফিক হরমোন নিয়ন্ত্রণ করে।
- ১.৫ ঘ) বীজের সুপ্ত অবস্থা ভঙ্গ -জিবেবেরেলিন - এই জোড় রটি সঠিক।
- ১.৬ লঘু মস্তিষ্ক গ) পেশিটান ও দেহের ভারসাম্য নিয়ন্ত্রণ করে।
- ১.৭ মিশ্র স্নায়ু হল - গ) গ্লসোফ্যারিঞ্জিয়াল
- ১.৮ গ) এই অংশে অপটিক স্নায়ু যুক্ত থাকে - পীতবিন্দু সম্পর্কে এই বক্তব্যটি সঠিক নয়।
- ১.৯ হাত ও পা ভাজ করা জেনে গ) ফ্লেক্সর পেশি কাজ করে।
- ১.১০ মানুষের জনন কোশে অটোজমের সংখ্যা হোল খ) ২২

বিভাগ - খ

২। নীচের প্রশ্নগুলির উত্তর নির্দেশ অনুসারে লেখো :

শূন্যস্থান পূরণ করো:

- ২.১ থাইরেড হরমোনের প্রধান উপাদান আয়োডিন।
- ২.২ অঙ্কুরিত বীজের ক্রমমূল ও ক্রমমুকুলে ট্রপিক চলন দেখা যায়।
- ২.৩ টারপিনয়েড গোষ্ঠীভুক্ত একটি উদ্ভিদ হরমোন হল জিবেবেরেলিন।
- ২.৪ হাইপারমেট্রোপিয়া ক্রটিতে প্রতিবিশ্ব রেটিনার পিছনে গঠিত হয়।
- ২.৫ DNA অণুর কুন্ডলীকৃত গঠনই হল ক্রোমোজোম।

নীচের বাক্যগুলি সত্য অথবা মিথ্যা নিরূপণ করো:

- ২.৬ সত্য
২.৭ মিথ্যা
২.৮ মিথ্যা
২.৯ মিথ্যা
২.১০ মিথ্যা

একটি শব্দে বা একটি বাক্যে উত্তর দাও:

২.১১ TSH

২.১২ অক্ষিগোলকের লেন্স ও রেটিনার অন্তর্বর্তী প্রকোষ্ঠে অবস্থিত তরলটি হল ভিট্রিয়াস হিউমর। এটি প্রতিসারক মাধ্যম হিসেবে কাজ করে / চোখের আভ্যন্তরীণ চাপ নিয়ন্ত্রণ করে / অক্ষিগোলকের আকার সঠিক রাখে।

[এক্ষেত্রে যে কোনো একটি কাজ উল্লেখ করলেই হবে।]

২.১৩ ACTH – Adreno cortico Trophic Hormone

২.১৪ ফোটেট্রপিজমঃ আলোর গতিপথঃঃ ফোটোনেস্টিকঃ আলোর তীব্রতা

২.১৫ মেনিনজেস

২.১৬ সেন্ট্রামিয়ার

২.১৭ ফাইটোহরমোন

২.১৮ পাখির ডানায় উপস্থিত পালককে বলে রেমিজেস

২.১৯ ট্রিপটোফ্যান, টাইরোসিন

২.২০ টেলোমিয়ারের কাজঃ i) দুটি ক্রোমোজোমকে জুড়ে যেতে বাধা দেয়।

ii) DNA প্রতিলিপিকরণ সমাপ্ত হতে সাহায্য করে।

iii) কোশের বার্বক্য ও মৃত্যু নিয়ন্ত্রণ করে।

[এক্ষেত্রে যে কোনো একটি কাজ উল্লেখ করলেই হবে।]

বিভাগ- গ

[সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন]

৩.১

বৈশিষ্ট্য	ট্রপিক চলন	ন্যাস্টিক চলন
উদ্দীপকের সাথে সম্পর্ক	উদ্দীপকের গতিপথ দ্বারা নিয়ন্ত্রিত চলন	উদ্দীপকের তীব্রতা দ্বারা নিয়ন্ত্রিত উদ্ভিদ চলন।

অক্সিন হরমোনের সাথে সম্পর্ক	উদ্ভিদের এই চলন অক্সিন হরমোন দ্বারা প্রভাবিত হয়	উদ্ভিদের এই প্রকার চলনে অক্সিন হরমোনের কোনো ভূমিকা নেই।
-----------------------------	--	---

৩.২

রোগের নাম	হরমোনের নাম
ডোয়ার্ফিজম	STH বা GH স্বাভাবিকের তুলনায় কম ক্ষরণে হয়।
ডায়াবেটিস ইনসিপিডাস	ADH এর স্বাভাবিকের তুলনায় কম ক্ষরণে হয়।
মধুমেহ	ইনসুলিন হরমোনের স্বাভাবিকের তুলনায় কম ক্ষরণে হয়।
গয়টার	থাইরক্সিন হরমোনের স্বাভাবিকের তুলনায় কম ক্ষরণে হয়।

৩.৩

ঘটনা	প্রতিবর্ত ক্রিয়া	গুরুত্ব
যখন শ্বাসনালিতে খাদ্যকণা ঢুকে পড়ে	কাশি	কাশির মাধ্যমে শ্বাসনালিতে প্রবেশ করা খাদ্যকণার অপসারণ ঘটে।
যখন নাকের মধ্যে কোনো বিজাতীয় বস্তু ঢুকে পড়ে	হাঁচি	হাঁচির মাধ্যমে নাসাপথ থেকে বিজাতীয় বস্তুর অপসারণ ঘটে।


৩.৪

পার্থক্যের বিষয়	অটোজম	সেক্স ক্রোমোজোম
প্রকৃতি	মানুষের বিভিন্ন দেহজ চারিত্রিক বৈশিষ্ট্য নির্ধারক ক্রোমোজোম	মানুষের লিঙ্গ নির্ধারক ক্রোমোজোম
সংখ্যা	মানুষের প্রতিটি দেহকোশে অটোজোমের সংখ্যা ২২ জোড়া অর্থাৎ ৪৪টি	মানুষের প্রতিটি দেহকোশে সেক্স ক্রোমোজোমের সংখ্যা ১ জোড়া অর্থাৎ ২টি।

৩.৫

সেন্ট্রোমিয়ারের অবস্থান অনুসারে ক্রোমোজোম ৪ প্রকার।

- মেটাসেন্ট্রিক: সেন্ট্রোমিয়ার ক্রোমোজোমের মাঝখানে অবস্থিত।
- সাব-মেটাসেন্ট্রিক: সেন্ট্রোমিয়ার ক্রোমোজোমের মাঝখানের কিছুটা ওপরে বা নীচে অবস্থিত।
- অ্যাক্রোসেন্ট্রিক: সেন্ট্রোমিয়ার ক্রোমোজোমের কোনো একটি প্রান্তের কাছাকাছি অবস্থিত।
- টেলোসেন্ট্রিক: সেন্ট্রোমিয়ার ক্রোমোজোমের কোনো একটি প্রান্তে অবস্থিত।



SRA

SPRAY